

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৫৩
শান্তিরবাজার, ১২ মার্চ, ২০২৪

জোলাইবাড়িতে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন

রাজ্যে নারী কল্যাণে সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে : সমবায়মন্ত্রী

নারী স্বশক্তিকরণ ও নারীদের নিরাপত্তা রক্ষায় সরকার অগ্রাধিকার দিয়েছে। রাজ্যে সরকারি চাকরিতে মহিলাদের জন্য ৩৩ শতাংশ পদ সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। আজ জোলাইবাড়ি কমিউনিটি হলে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন অনুষ্ঠানে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া একথা বলেন। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্যে নারী কল্যাণে সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না মজুমদার, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, দক্ষিণ ত্রিপুরা জেলা সামাজিক ন্যায় কমিটির চেয়ারম্যান রুমা পাল বৈদ্য প্রমুখ। তাছাড়াও অনুষ্ঠানে ভারতচন্দ্রনগর, ঋষ্যমুখ, পোয়াংবাড়ি, রূপাইছড়ি, জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতি ও বিএসি'র চেয়ারম্যানগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা সমাজশিক্ষা পরিদর্শক প্রবীর দেববর্মা। সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া আজ গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ঠাকুরছড়া, বড়পাথরীছড়া ও মছরীনদীর উপর তিনটি পাকা সেতুর উদ্বোধন করেন।
